

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০০২.২০১৪(অংশ-১)- ৩৫২

তারিখঃ ২৬ .১২.২০১৬

বিষয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের ১ম শ্রেণির সহকারী পরিচালক এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির চিত্রগ্রাহক(গ্রেড-২) পদে রচনামূলক লিখিত পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের ১ম শ্রেণির সহকারী পরিচালক এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির চিত্রগ্রাহক (গ্রেড-২)পদে প্রার্থীর ২০০ নম্বর রচনামূলক লিখিত পরীক্ষা ঢাকাস্থ নিম্নোক্ত কেন্দ্রে সময়সূচি ও আসন ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবে :-

পরীক্ষার কেন্দ্র, সময়সূচি ও আসন ব্যবস্থা

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম	প্রার্থী সংখ্যা
২৬.০১.২০১৭ ইং তারিখ, রোজ: বৃহস্পতিবার সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা পর্যন্ত।	হাজী আশ্রাফ আলী উচ্চ বিদ্যালয়, পূর্ব শেওড়াপাড়া, মিরপুর, ঢাকা।	ক. সহকারী পরিচালক খ. চিত্রগ্রাহক(গ্রেড-২)	৩৪৬ জন ৭২ জন

২। কমিশন কর্তৃক ২২.০৫.২০১৬ তারিখে অনলাইনে জারিকৃত বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী উক্ত পদের জন্য রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। অন্যথায় লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে না। এখানে উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রার্থীর জন্য আলাদা কোন প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

৩। লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd


কমিশনের পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী

নং-৮০.১০২.০১১.০০.০০.০০২.২০১৪ (অংশ-১)- ৬ ৫১

তারিখঃ ২৬.১২.২০১৬

বিষয় : আগামী ২৬.০১.২০১৭ তারিখ অনুষ্ঠিতব্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের ১ম শ্রেণির সহকারী পরিচালক এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির চিত্র গ্রাহক(জেড-২) পদে রচনামূলক লিখিত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীর জন্য নির্দেশাবলী।

- (১) প্রার্থীকে উল্লিখিত পদের জন্য বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং গনিত ও মাননিক দক্ষতা বিষয় -৬০ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- (২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- (৩) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী কর্তৃক বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও গণিত ও মানসিক দক্ষতা বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- (৪) প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কক্ষে ব্যাগ, হাত ঘড়ি, **বইপত্র, মোবাইল ফোন আনা** এবং কোন প্রকার যোগাযোগ যন্ত্র **বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ** এবং পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটরসহ সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- (৫) পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসাধু পস্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থী নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করবেন।
- (৬) শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন।
- (৭) কমিশন কর্তৃক ২২.০৫.২০১৬ তারিখে অনলাইনে জারিকৃত বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী উক্ত পদের জন্য রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। অন্যথায় লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে না। ডাউনলোডকৃত প্রবেশপত্রের নির্দেশাবলী অবশ্যই প্রতিপালন করতে হবে। এখানে উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রার্থীর জন্য আলাদা কোন প্রবেশপত্র সরবরাহ করা হবে না।


ড. নাছিমা আক্তার
পরিচালক(ইউনিট-২)

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন]
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]